গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
জিএফআরডি শাখা
www.rthd.gov.bd

স্মারক নং-৩৫.০০.০০০০.৩৬.১৪.০০৯.২০-৩৮১ তারিখঃ ১০-০৯-২০২০ খ্রিস্টাব্দ

বিষয়ঃ "মদনপুর-দিরাই-শাল্লা-জলসুকা-আজমিরীগঞ্জ জেলা মহাসড়ক (জেড-২৮০৭)-এর দিরাই-শাল্লা অংশ পুনঃনির্মাণ" শীর্ষক নতুন অননুমোদিত উন্নয়ন প্রকল্পের ওপর অনুষ্ঠিত অভ্যন্তরীণ যাচাই কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ।

গত ০২-০৯-২০১৯ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক প্রস্তাবিত "মদনপুর-দিরাই-শাল্লা-জলসুকা-আজমিরীগঞ্জ জেলা মহাসড়ক (জেড-২৮০৭)-এর দিরাই-শাল্লা অংশ পুনঃনির্মাণ" শীর্ষক নতুন অননুমোদিত উন্নয়ন প্রকল্পের ওপর অভ্যন্তরীণ যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়।

০২। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

**সংযুক্তিঃ বর্ণনামতে।**

১০.০৯.২০২০
(আবদুল্লাহ-আল-মাসুদ)
সিনিয়র সহকারী সচিব
ফোন-৯৫৭৫৫২৩

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:**

০১। অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০২। অতিরিক্ত সচিব (উন্নয়ন/বাজেট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৩। অতিরিক্ত সচিব (পরিকল্পনা উইং), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
০৫। যুগ্মসচিব (পরিকল্পনা ও কার্যক্রম), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
০৬। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৭। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট জোন, সিলেট
০৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, টেকনিক্যাল সার্ভিসেস উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
০৯। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ব্রিজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১০। উপ-সচিব (সওজ জিওবি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২। জনাব মোহাম্মদ আশরাফুল আলম খান (উপসচিব) (বিআরটিএ), মনিটরিং টিম লিডার (টিম নং-৩), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
১৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ অধিদপ্তর, সিলেট সড়ক সার্কেল, সিলেট

অঃপৃঃদ্রঃ

১৫। উপ-সচিব (জিএফআরডি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৬। উপ-সচিব (প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন শাখা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৭। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি ইউনিট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
১৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সুনামগঞ্জ সড়ক বিভাগ, সুনামগঞ্জ
১৯। সিনিয়র সহকারী প্রধান (প্রকল্প সমন্বয় শাখা), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
২০। অফিস কপি/মাস্টার কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
জিএফআরডি শাখা
www.rthd.gov.bd

"মদনপুর-দিরাই-শাল্লা-জলসুকা-আজমিরীগঞ্জ জেলা মহাসড়ক (জেড-২৮০৭)-এর দিরাই-শাল্লা অংশ পুনঃনির্মাণ" শীর্ষক নতুন অননুমোদিত উন্নয়ন প্রকল্প প্রস্তাবের ওপর অভ্যন্তরীণ যাচাই কমিটি সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ নজরুল ইসলাম
সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ ও সময়ঃ ০২ সেপ্টেম্বর ২০২০ খ্রিস্টাব্দ, বেলা ১২.০০ ঘটিকা
উপস্থিতিঃ পরিশিষ্ট-ক

২। উপস্থাপনা

২.১) সভাপতি উপস্থিত এবং জুম অনলাইনে সংযুক্ত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে সভায় জানানো হয় যে, "মদনপুর-দিরাই-শাল্লা-জলসুকা-আজমিরীগঞ্জ জেলা মহাসড়ক (জেড-২৮০৭)-এর দিরাই-শাল্লা অংশ পুনঃনির্মাণ" শীর্ষক প্রকল্পের প্রাক্কলিত ব্যয় ৫৫১৯৯.৫০ লক্ষ টাকা এবং এটি অক্টোবর-২০২০ হতে জুন-২০২৩ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবিত প্রকল্পটি ২০২০-২০২১ অর্থ বছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্ত নেই। তবে, প্রকল্পটির গুরুত্ব বিবেচনায় এটি প্রস্তাব করা হয়েছে। এরপর নির্বাহী প্রকৌশলী, সওজ সুনামগঞ্জ সড়ক বিভাগকে প্রকল্পের উদ্দেশ্য, যৌক্তিকতা, মূল কার্যক্রম, ইত্যাদি পাওয়ার পয়েন্ট এ উপস্থাপনের জন্য অনুরোধ জানানো হয়।

২.২) সভাপতির অনুমতি নিয়ে নির্বাহী প্রকৌশলী, সওজ সুনামগঞ্জ সড়ক বিভাগ বলেন, প্রস্তাবিত প্রকল্পটির উদ্দেশ্য হচ্ছে ক) মদনপুর-দিরাই-শাল্লা-জলসুকা-আজমিরীগঞ্জ জেলা মহাসড়ক (জেড-২৮০৭) এর দিরাই-শাল্লা অংশ পুনঃনির্মাণের মাধ্যমে একটি নিরাপদ, টেকসই এবং ব্যয় সাশ্রয়ী সড়ক নেটওয়ার্ক স্থাপন করা। প্রকল্পের মূল কার্যক্রমের মধ্যে রয়েছে ভূমি অধিগ্রহণ (ক্ষতিপূরণসহ), সড়ক বাঁধে মাটির কাজ, ফ্লেক্সিবল পেভমেন্ট পুনঃনির্মাণ (৫.৫০ মি+ ২X১.২০ মি), বেস কোর্স (৫.৫০ মি+ ২X১.২০ মি), ওয়্যারিং কোর্স (৫.৫০মি), রিজিড (আরসিসি) পেভমেন্ট নির্মাণ (১০.৫০ মি), পিসি গার্ডার সেতু নির্মাণ (৪টি), আরসিসি বক্স কালভার্ট নির্মাণ (৭টি), ব্রীক টো-ওয়াল (১৬.৯৬৫ কিমি X ২, উভয় পার্শ্ব), সিসি ব্লক উইথ জিও টেক্সটাইল, ইউটিলিটি স্থানান্তর ও অন্যান্য, ফিজিক্যাল কন্টিনজেন্সি, প্রাইস কন্টিনজেন্সি ইত্যাদি।

২.৩) প্রকল্পটি গ্রহণের যৌক্তিতকা প্রসংগে নির্বাহী প্রকৌশলী জানান, মদনপুর-দিরাই-শাল্লা সড়কটি (জেড-২৮০৭) সুনামগঞ্জ সড়ক বিভাগাধীন একটি গুরুত্বপূর্ণ জেলা সড়ক। মদনপুর-দিরাই-শাল্লা-জলসুকা আজমিরীগঞ্জ সড়কটির মোট দৈর্ঘ্য ৬৩.০০ কি.মি.। মদনপুর হতে দিরাই উপজেলা পর্যন্ত দৈর্ঘ্য ২৫.০০ কি.মি.। দিরাই হতে শাল্লা পর্যন্ত সড়কের দৈর্ঘ্য ১৯.৫০ কি.মি.। ২০১৮ সালের বন্যায় সংশ্লিষ্ট সড়ক বাধের বেশ কিছু অংশ ওয়াশ আউট হয়ে যায় এবং দিরাই উপজেলা হতে শাল্লা উপজেলার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে যায়। পরবর্তীতে ২০১৯ এবং ২০২০ সালের বন্যায় সড়কের অধিকাংশ অংশ ওয়াশ আউট ও বিধ্বস্থ হয়ে যায়। সড়কের বর্তমান অবস্থা বিবেচনায় নতুন প্রকল্প গ্রহণপূর্বক সড়কটির দিরাই হতে শাল্লা পর্যন্ত সড়ক অংশের পেভমেন্ট পুন:নির্মাণ, প্রয়োজনীয় অংশে সেতু কালভার্ট নির্মাণ এবং সড়ক বাধ রক্ষার্থে সিসি ব্লক দ্বারা স্লোপ প্রটেকশনের কাজ করা জরুরী। প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়িত

হলে এতদঞ্চলের জনগণের যাতায়াত সহজতর হবে, পাশাপাশি আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন ঘটবে এবং দারিদ্র বিমোচনে সহায়ক ভূমিকা পালন করবে।

২.৪) সভায় জানানো হয় যে, দিরাই হতে শাল্লা পর্যন্ত সড়কাংশ নির্মাণ প্রথম পর্যায়ে একটি প্রকল্প ১১৯৯১.০০ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে ৩০-০৬-২০১৭ সালে কিছু কিছু কার্যক্রম অসমাপ্ত রেখে প্রকল্পটি সমাপ্ত ঘোষণা করা হয়। সমাপ্তকৃত প্রকল্পের উল্লেখিত ব্যয়ের মধ্যে ৯৮৮৮.০০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছিল। তদানুযায়ী প্রকল্পের PCR আইএমইডিতে প্রেরণ করা হয়। উক্ত PCR এর উপর ভিত্তি করে আইএমইডি মূলায়ন প্রতিবেদন প্রেরণ করে। প্রতিবেদনের সুপারিশের প্রেক্ষিতে কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তা সওজ থেকে জানানো হয়নি। এ বিষয়ে এ বিভাগ থেকে তাগিদপত্র দেয়া হয়। প্রকল্প সমাপ্তির পর আইএমইডি-র মূল্যায়ন প্রতিবেদনের সুপারিশের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণপূর্বক মন্ত্রনালয়কে অবহিত না করায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন এবং এ বিষয়ে দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণের জন্য সওজ অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন। ২০১৭ সালে সমাপ্ত প্রকল্পটির সকল কার্যক্রম কেন নির্ধারিত সময়ে সম্পাদন করা যায়নি তার কারণ ডিপিপিতে উল্লেখ করতে হবে। এছাড়া সমাপ্ত প্রকল্পের উপর আইএমইডির সুপারিশের প্রেক্ষিতে গৃহীত ব্যবস্থা প্রস্তাবিত ডিপিপিতে সংযুক্ত করতে হবে মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

২.৫) সভাপতি আরও বলেন, পরিকল্পনা বিভাগের পরিপত্র অনুযায়ী প্রস্তাবিত প্রকল্পটির তৃতীয় পক্ষের মাধ্যমে সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদন করা প্রয়োজন। হাওড় অঞ্চলে সড়ক নির্মাণের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর কিছু সুনির্দিষ্ট নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা অনুযায়ী ফ্লাইওভার/ব্রিজ এর আদলে সড়ক নির্মাণের বিষয়টি বিবেচনা করা প্রয়োজন। যেমন: হাওড় এলাকার All Season Road নির্মাণের ক্ষেত্রে At grade এর পরিবর্তে Elevated সড়ক নির্মাণ করা। তবে আলোচ্য সড়কটি যেহেতু বিদ্যমান রয়েছে তাই বিদ্যমান সড়কটি উন্নয়নের লক্ষ্যে প্রস্তাবিত প্রকল্পটি গ্রহণের উদ্যোগ নেয়া যেতে পারে। এ প্রসংগে সভায় জানানো হয়, সওজ নিজস্ব তত্ত্বাবধানে সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করেছে, তবে Bangladesh River Research Institute কর্তৃক প্রকল্পটির Hydrological/Morphological Study সম্পন্ন করা হয়েছে। প্রকল্পটির অবস্থান, Sustainability বিবেচেনায় তৃতীয় পক্ষের মাধ্যমে সম্ভব্যতা সমীক্ষা সম্পাদনের বিষয়ে সভায় একমত পোষন করা হয়। প্রকল্পটি যেন ভবিষ্যতে সংশোধন করতে না হয় সেজন্য ডিপিপি প্রণয়নকালেই যৌক্তিকভাবে বাস্তবায়নকাল নির্ধারণ এবং প্রয়োজনীয় অংগসমূহ ডিপিপিতে অন্তর্ভুক্তির জন্য সভায় নির্দেশনা প্রদান করেন। তাছাড়া, পরিবেশ অধিদপ্তর, হাওড় বোর্ড, BIWTA সহ সংশ্লিষ্ট সংস্থার অনাপত্তির বিষয়ও বিস্তারিত আলোচনা হয়।

৩। বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়ঃ

৩.১) প্রকল্পের প্যাকেজ ও অংগভিত্তিক কাজের পরিমাণ ও ব্যয়ের চেকলিস্ট (ছক অনুযায়ী) ডিপিপিতে সংযুক্ত করতে হবে এবং প্রকল্পের মেয়াদ যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে;

৩.২) Embankment উচ্চতাসহ সড়কের বিদ্যমান জমির ও সর্বনিম্ন জমি চাহিদার বারচার্ট ডিপিপিতে সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে সরেজমিন জরীপ পরিচালনা করে প্রকৃত ভূমির পরিমাণ নির্ধারণ করতে হবে, যাতে ভবিষ্যতে ভূমির জন্য ডিপিপি সংশোধন করতে না হয়;

৩.৩) ইউটিলিটি স্থানান্তরের ক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থাসমূহের যথাযথ প্রাক্কলন সংগ্রহপূর্বক তদনুযায়ী ব্যয় নির্ধারণ করতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট সংস্থার জন্য পৃথকভাবে কোন সার্ভিস চার্জ অন্তর্ভুক্ত করা যাবে না এবং বিদ্যুৎ লাইনের ক্ষেত্রে বিদ্যমান পিলারসহ বিদ্যমান অবকাঠামোর প্রতিস্থাপন মূল্য বিবেচনা করতে হবে;

৩.৪) ব্রীজ/কালভার্ট এর তালিকা চেইনেজ অনুযায়ী ডিজাইনসহ সন্নিবেশ করতে হবে। হাওড় এলাকা বিধায় পানির অবাধ প্রবাহ নিশ্চিতকরণের জন্য পর্যাপ্ত কালভার্টের ব্যবস্থা রাখতে হবে;

৩.৫) প্রস্তাবিত সেতু/কালভার্টসমূহ এবং এপ্রোচ সড়কসমূহে প্রয়োজন ও যৌক্তিকতা নিরূপণপূর্বক দৃশ্যমান সাইন/সিগন্যাল, কিলোমিটার পোষ্ট, ডিরেকশন সাইন, প্রযোজ্য ক্ষেত্রে ওভারহেড ডিসপ্লে, রিফ্লেকটিভ শীট এর সংস্থান রাখতে হবে এবং চেইনেজ অনুযায়ী তা ডিপিপিতে পরিশিষ্ট আকারে সংযুক্ত করতে হবে;

৩.৬) প্রয়োজনীয় স্থানে বাস-বে নির্মাণের সংস্থান রাখতে হবে;

৩.৭) প্রয়োজনীয় স্থানসমূহে সড়কের বাঁক সরলীকরণের সংস্থান রাখতে হবে এবং তদনুযায়ী ব্যয় প্রাক্কলন ডিপিপি-তে অন্তর্ভূক্ত করতে হবে;

৩.৮) প্রকল্পের আওতাধীন স্থানে পর্যটন স্পটসমূহ (যদি থাকে) চিহ্নিতপূর্বক উক্ত স্থানসমূহে গাড়ি পার্কিং-এর ব্যবস্থা সম্বলিত পূর্ণাঙ্গ ডিজাইন, দিক নির্দেশক সাইন এর সংস্থান এবং তদনুযায়ী ব্যয় প্রাক্কলন ডিপিপি-তে অন্তর্ভূক্ত করতে হবে;

৩.৯) তৃতীয় পক্ষের মাধ্যমে প্রকল্পের বিস্তারিত ফিজিবিলিটি স্টাডি এবং আর্থিক ও অর্থনৈতিক বিশ্লেষণ যথাযথভাবে প্রণয়ন করে ডিপিপিতে সংযুক্ত করতে হবে;

৩.১০) চতুর্থ অথবা পঞ্চম গ্রেডের প্রকৌশলীকে প্রকল্প পরিচালক হিসেবে নিয়োগের সংস্থান রাখা যেতে পারে;

৩.১১) উভয় পাশেই ১ মিটার সফট সোল্ডার এর সংস্থান রাখতে হবে। সড়কের সীমানা চিহ্নিতকরণের জন্য পিলারের সংস্থান রাখতে হবে;

৩.১২) প্রকল্প প্রণয়নের বিষয়ে এ বিভাগে কর্তৃক ০১-০৩-২০২০ তারিখে জারিকৃত "টেকসই সড়ক অবকাঠামো নির্মাণ/উন্নয়নে প্রকল্প ও কর্মসূচি প্রণয়ন, অগ্রাধিকার নির্ধারণ, প্রকল্প বাস্তবায়ন ও মনিটরিং, তথ্য সংগ্রহপূর্বক ডাটাবেইজ তৈরি ও হালনাগাদকরণ, কাজের গুণগত মান নিয়ন্ত্রণ, সড়ক নিরাপত্তা, গবেষণা এবং মেরামত/সংস্কার ও অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় সম্পর্কিত" শীর্ষক পরিপত্রের আলোকে বিবেচ্য প্রকল্পে প্রযোজ্য অংশ যথাযথভাবে অনুসরণ করতে হবে। বাস্তবায়নকারী সংস্থার সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী কর্তৃক এ সংক্রান্ত পৃথক প্রত্যয়নপত্র ডিপিপি-তে সংযুক্ত করতে হবে;

৩.১৩) প্রকল্প চলাকালীন সময়ে রক্ষণাবেক্ষণ খাতে পর্যাপ্ত বরাদ্দ রাখতে হবে;

৩.১৪) মনিটরিং ম্যানুয়াল মোতাবেক ঠিকাদার-এর সাথে সম্পাদিত চুক্তি অনুযায়ী প্রয়োজনীয় যন্ত্রপাতি, জনবল, সাইট অফিস, টেস্টিং সরঞ্জাম ইত্যাদির সংস্থান যথাযথভাবে যাচাই ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং কাজ শুরু করার সাথে সাইটে এসব সুবিধা স্থাপন করতে হবে। বিষয়টি প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী নিশ্চিত করবেন;

৩.১৫) সওজ কর্তৃক প্রণীত Quality Assurance Plan for Road Works, Quality Assurance Plari for Bridge works এবং Quality Auditing Guidelines অনুসরণপূর্বক ঠিকাদার কর্তৃক কাজের মান যেমন: নির্মাণ সামগ্রীর মান, কম্প্যাকশন, বিটুমিনের নির্মাণকালীন তাপমাত্রা, মানসম্মত যন্ত্রপাতি ব্যবহার, টেস্টিং ইত্যাদি কাজের গুণগত মান নিশ্চিত করা, মাটির কাজের মান, টার্ফিং, ক্ল্যাডিং লেয়ার ব্যবহার, লেয়ার বাই লেয়ার কম্প্যাকশন, স্লোপ ইত্যাদি বিষয়গুলো নিশ্চিত করতে হবে, যাতে ভবিষ্যতে সড়কের স্থায়িত্ব দীর্ঘায়িত হয়;

৩.১৬) প্রকল্পটি একনেকে উপস্থাপিত হওয়ার প্রাক্কালে প্রাসঙ্গিক ছবি ও ভিডিও ইত্যাদি সরবরাহ করতে হবে;

৩.১৭) সংশ্লিষ্ট জোনের অতিরিক্ত প্রধান প্রকৌশলী, তত্ত্বধায়ক প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলী প্রস্তাবিত সড়ক সরেজমিনে পরিদর্শন করেছেন এবং সঠিকভাবে জরিপ ও ফিজিবিলিটি স্টাডির উপর ভিত্তি করে ডিপিপি প্রণয়ন করা হয়েছে মর্মে প্রত্যয়ন পত্র ডিপিপিতে সংযুক্ত করতে হবে;

৩.১৮) সওজ এর রোড ডিজাইন/ব্রীজ ডিজাইন এন্ড সেইফটি সার্কেলের ভেটিং নিয়ে ডিপিপি চূড়ান্ত করতে হবে এবং ভবিষ্যতে কোন সমস্যা হলে বা বড় ধরনের সংশোধনের প্রয়োজন হলে এর দায়-দায়িত্ব ডিজাইন ইউনিটসহ সংশ্লিষ্টদেরকে বহন করতে হবে;

৩.১৯) ভূমি অধিগ্রহণের ব্যয়/পরিমাণ যথাযথভাবে নির্ধারণ করতে হবে। এক্ষেত্রে জেলা প্রশাসন হতে প্রাপ্ত প্রাক্কলিত দর ডিপিপিতে সংযুক্ত করতে হবে;

৩.২০) সড়ক ডিজাইন প্রণয়ন করার সময় সওজ-র সংশ্লিষ্ট রোড ডিজাইন এন্ড সেইফটি সার্কেল প্রকল্প এলাকা সরেজমিনে পরিদর্শন করেছেন মর্মে ডিপিপিতে প্রত্যয়ন দিতে হবে;

৩.২১) হাওড় উন্নয়ন বোর্ড এবং পানি উন্নয়ন বোর্ড এবং পরিবেশ অধিদপ্তর এর অনাপত্তি/মতামত ডিপিপিতে সংযুক্ত করতে হবে;

৩.২২) বৃক্ষ রোপন, বৃক্ষ কর্তন ও বৃক্ষ পরিচর্যার বিষয়টি ডিপিপিতে উল্লেখ করতে হবে এবং এজন্য বরাদ্দ রাখতে হবে। সড়কের ঢালে গুল্ম জাতীয় বৃক্ষ রোপণ করতে হবে;

৩.২৩) প্রকল্পটির মেয়াদকাল জানুয়ারি ২০২১ হতে জুন ২০২৪ প্রস্তাব করা যেতে পারে;

৩.২৪) উপর্যুক্ত সিদ্ধান্ত (৩.১-৩.২৩) যথাযথ প্রতিফলন করে এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশের আলোকে পুনর্গঠিত (Re-cast) ডিপিপি অবিলম্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৪। সভায় অন্য কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৭/৯/২০২০

মোঃ নজরুল ইসলাম
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ